# SESSION PLAN

## Department Of Bengali

**Susanta Kumar Mondal**



## CBCS & CCF

## BNG-A-CC-1-1 / BNG-H-CC-1-1

## বিষয় - বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত )

## মডিউল – ২

## বৈষ্ণব পদাবলী – বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস

## CLASS – 1

# বিদ্যাপতি

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১৫ মিনিট | বৈষ্ণব পদাবলী সম্পর্কিত আলোচনা | বিষয় সম্পর্কিত বর্ণনামূলক আলোচনা | শোনা |
| ১৫ মিনিট | বৈষ্ণব পদকর্তা হিসেবে বিদ্যাপতির কবিতা ও কাব্য বৈশিষ্ট্য | চক, ডাস্টার ও বোর্ড এর সঙ্গে Projector ব্যবহার করে বিষয়টির আলোচনা | শোনা ও লেখা |
| ১০ মিনিট | বৈষ্ণব পদকর্তা হিসেবে বিদ্যাপতির কবি বৈশিষ্ট্য | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | * পদাবলী সাহিত্যে বিদ্যাপতির অভাবিত সাফল্য বয়ঃসন্ধি, পূর্বরাগ ও অনুরাগ, অভিসার, মাথুর, ভাব- সম্মিলন এবং প্রার্থনা পর্যায়ে। অভিসার পর্যন্ত অংশে কবি রাধা প্রেমের অপূর্ব প্রসাধন-কলা সর্বভারতীয় শৃঙ্গার- শাস্ত্রের আদর্শে এবং সেই সঙ্গে স্বকীয় সৌন্দর্য ভাবনার যোগে প্রকাশ করেছেন।<br>* বিদ্যাপতি রাজসভার কবি। রাজসভার কবিরূপে নাগরিক বিলাসকলা কুতূহল ও প্রকাশ সৌষ্ঠিব বিদ্যাপতির পদাবলীতেও পাওয়া যায়।<br>* বিদ্যাপতি রাধাকৃষ্ণ বিষয়ক পদ রচনায় কোন প্রকার ধর্ম গোষ্ঠী অথবা ধর্ম দর্শন দ্বারা চালিত ছিলেন না। ধর্মের বন্ধন না থাকায় কবির কবিতায় অপরূপ সৌন্দর্য বিলাসের সঙ্গে মুক্ত স্বাধীন কল্পনা বৃত্তির প্রকাশও লক্ষ করা যায়।<br>* বিদ্যাপতির পদাবলীতে লৌকিক ও ঐশ্বরিক উভয় বিধ প্রেমেরই অতুলনীয় মাধুর্য প্রকাশ পেয়েছে। বিদ্যাপতির যে রাধাকৃষ্ণ প্রেমলীলার সূচনা মানবীয় প্রেমে তার পরিণতি ঘটেছে ঐশ্বরিক প্রেমে।<br>* বিদ্যাপতি নির্মিত রাধা চরিত্রের ক্রমবিকাশ তাঁর কবি প্রতিভার আরেকটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।<br>* বিদ্যাপতির প্রতিটি রচনায় সচেতন মণ্ডন নৈপুণ্য আছে। তিনি ভাষায় অভিনব, অলংকার প্রয়োগও সিদ্ধকাম শিল্পী। |
| **প্রশ্নপত্র** | ১।। বিদ্যাপতি কোন রাজসভার কবি ছিলেন?<br>২।। বিদ্যাপতি কোন সময়ের কবি ছিলেন?<br>৩।। বিদ্যাপতি কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি ছিলেন?<br>৪।। বিদ্যাপতির পদাবলীর যেকোনো একটি বৈশিষ্ট্য উল্লেখ কর।<br>৫।। বিদ্যাপতি কোন ভাষায় পদ রচনা করেছেন?<br>৬।। বাংলা সাহিত্যে বিদ্যাপতির পদ অনুসরণ করেছেন এমন দুজন কবির নাম করো। |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।। পাঠ্য বিষয়টি পাঠ করে শিক্ষার্থীরা চৈতন্য পূর্বযুগের বৈষ্ণব দর্শন সম্পর্কে অবগত হতে পারবে। এবং বিদ্যাপতির কবিতা পাঠ করে অনুভব করতে পারবে বিদ্যাপতি বাংলা সাহিত্যের কবি না হয়েও কিভাবে বাংলা সাহিত্যের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে গেলেন।<br>২।। বিদ্যাপতির পদ পরবর্তীকালে চৈতন্যদেব থেকে শুরু করে রবীন্দ্রনাথ পর্যন্ত সকলকে কিভাবে আলোড়িত করেছিল সে সম্পর্কে একটি ধারাবাহিক রেখাচিত্র অঙ্কন করতে পারবে শিক্ষার্থীরা। |

**ব্যবহৃত উপকারণ** :

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

## <u>সহায়ক গ্রন্থ</u>

- মধ্যযুগের কবি ও কাব্য -- শংকরীপ্রসাদ বসু।
- চণ্ডীদাস ও  বিদ্যাপতি -- শংকরীপ্রসাদ বসু।
- বৈষ্ণব রস প্রকাশ -- ক্ষুদিরাম দাস।
- বঙ্গে বৈষ্ণবধর্ম -- রমাকান্ত চক্রবর্তী।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**Susanta Kumar Mondal**



**CBCS & CCF**

**BNG-A-CC-4-8 / BNG-H-CC-5-4**

**বিষয় – প্রাগাধুনিক সাহিত্য**

**মডিউল – ২**

**চণ্ডীমঙ্গল (১ম খণ্ড) – মুকুন্দ চক্রবর্তী**

**CLASS – 1**

## গ্রন্থ উৎপত্তির কারণ

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১৫ মিনিট | চন্ডীমঙ্গল কাব্যের সাধারণ আলোচনা | বিষয় সম্পর্কিত বর্ণনামূলক আলোচনা | শোনা |
| ১০ মিনিট | চন্ডীমঙ্গল কাব্যের কাহিনী বৈশিষ্ট্য | চক, ডাস্টার ও বোর্ড এর সঙ্গে Projector ব্যবহার করে বিষয়টির আলোচনা | শোনা ও লেখা |
| ১৫ মিনিট | মুকুন্দরামের চন্ডীমঙ্গল কাব্যে গ্রন্থ উৎপত্তির কারণের তাৎপর্য বিশ্লেষণ | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | * প্রাচীনকাল থেকে ভারতবর্ষে চন্ডী পূজা হয়ে আসছে।<br>* ভারতীয় তন্ত্র-পুরানাদিতে চন্ডীর উল্লেখ আছে।<br>* পৌরাণিক চন্ডী শিবের পত্নী, শিব শক্তি।<br>* চন্ডীমঙ্গলের পূজিতা চণ্ডী পৌরাণিক চণ্ডীর থেকে পৃথক।<br>* অনেক পন্ডিত মনে করেন চন্ডীমঙ্গলের চন্ডী অস্ট্রিক বা দ্রাবিড় গোষ্ঠীর আর্যেতর দেবী।<br>* চন্ডীমঙ্গলের কাহিনীতে দুটি স্বতন্ত্র অংশ।<br>* এক - আখেটিক খন্ড অর্থাৎ কালকেতু ব্যাধের গল্প।<br>* দুই - বণিক খন্ড অর্থাৎ ধনপতি সওদাগরের গল্প।<br>* মুকুন্দরাম তাঁর চন্ডীমঙ্গল কাব্যে আত্মপরিচয় দিয়েছেন "গ্রন্থ উৎপত্তির কারণ" বর্ণনা অংশে।<br>* কবির আত্মজীবনীটির ঐতিহাসিক মূল্য অসাধারণ। এই আত্মজীবনীর মধ্যে দিয়ে কবির সমকালীন বাংলাদেশের রাজনৈতিক সামাজিক অর্থনৈতিক জীবনের বাস্তব চিত্র ও অনেক অজ্ঞাত তথ্য পাওয়া যায়।<br>* মুকুন্দরামের বাসস্থান, বংশ পরিচয় ছাড়াও কবি গৃহত্যাগ ও কাব্য রচনা কাল নির্ণয়ের মত গুরুত্বপূর্ণ বিষয় জানা যায় এই আত্মজীবনীটি থেকে।<br>* মানব ধর্ম ও সাহিত্যরসেও আত্মজীবনীটি উজ্জ্বল।<br>* কবির ব্যক্তিগত দুঃখ বেদনা তাঁকে শুধু যে মানুষের কাছে সহানুভূতিশীল করে তুলেছে তাই নয়, জীবনের প্রতি প্রসন্নতাও সঞ্চার করেছে।<br>* গতানুগতিক সামান্য আখ্যানকে অপ্রচলিত সংস্কৃত শব্দ প্রয়োগ ও অপূর্ব ধ্বনি সুষমার মধ্যে দিয়ে কবি অসাধারণত্ব দান করেছেন।<br>* মুকুন্দরামের এই বিস্তৃত আত্মপরিচয় দানের রীতি পরবর্তীকালের মঙ্গল কবি মাত্রেই অনুসরণ করেছেন। |
| **প্রশ্নপত্র** | ১।। প্রাচীন ভারতবর্ষে কোথায় চণ্ডীর উল্লেখ পাওয়া যায়।<br>২।। চন্ডীমঙ্গল কাব্যের দেবী চণ্ডী কোন গোষ্ঠীর দেবী ছিলেন?<br>৩।। চন্ডীমঙ্গল কাব্যের কয়টি খন্ড ও কি কি।<br>৪।। প্রথম খন্ডে নায়ক নায়িকার নাম কর।<br>৫।। দ্বিতীয় খন্ডের নায়ক-নায়িকার নাম করো।<br>৬।। গ্রন্থ উৎপত্তির কারণ বর্ণনা অংশ থেকে কার আত্মপরিচয়ের কথা জানা যায়? |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।। পাঠ্য বিষয়টি পাঠ করে শিক্ষার্থীরা চন্ডীমঙ্গল কাব্যের সময়সীমা ও সেই সময়ের আর্থ-সামাজিক- রাজনৈতিক প্রেক্ষিত সম্পর্কে জানতে পারবে।<br>২।। চন্ডীমঙ্গলের অন্যান্য কবিদের থেকে মুকুন্দরামের শ্রেষ্ঠত্ব সম্পর্কেও ছাত্রছাত্রীরা অবহিত হতে পারবে। |

**ব্যবহৃত উপকারণ :**

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

## সহায়ক গ্রন্থ


- বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস -- আশুতোষ ভট্টাচার্য।
- চন্ডীমঙ্গল -- সুকুমার সেন সম্পাদিত।
- চন্ডীমঙ্গল -- ক্ষুদিরাম দাস সম্পাদিত।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**Ashis Bera**



**CBCS & CCF**

**BNG-A-CC-2-3 / BNG-H-CC-3-3**

**বিষয় - বাংলা সাহিত্যের ইতিহাস ( আধুনিক যুগ )**

**মডিউল – ৩**

**উপন্যাস ও ছোটগল্প**

CLASS – 1

# বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১০ মিনিট | উপন্যাস সম্পর্কিত আলোচনা | বাংলা উপন্যাসের উদ্ভব ও বিকাশ সম্পর্কিত বর্ণনামূলক আলোচনা | শোনা |
| ২০ মিনিট | বঙ্কিমচন্দ্রের বিভিন্ন শ্রেণীর উপন্যাস নিয়ে আলোচনা | চক, ডাস্টার ও বোর্ড এর সঙ্গে Projector ব্যবহার করে বিষয়টির আলোচনা | শোনা ও লেখা |
| ১০ মিনিট | ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের বৈশিষ্ট্য নিয়ে আলোচনা | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | * ঊনবিংশ শতকের বাংলা কথাশিল্পী বঙ্কিমচন্দ্র প্রথম বাংলা উপন্যাসকে নিশ্চিতভাবে উপন্যাসের পরিণতি পর্যায়ে পৌঁছে দিয়েছিলেন অসামান্য দক্ষতায়। তাঁর প্রথম উপন্যাস Rajmohan's Wife (১৮৬৪)।<br>* বঙ্কিমচন্দ্রের প্রথম পর্বের উপন্যাসগুলিতে রোমান্স সুলভ কল্পনাচারিতা, ইতিহাস ও মানবজীবন কেন্দ্রিক ভাবনার প্রকাশ লক্ষ করা যায়।<br>* সামাজিক উপন্যাসগুলিতে মনস্তাত্ত্বিক জীবনবোধের পরিচয় দিয়েছেন বঙ্কিমচন্দ্র।<br>* ঐতিহাসিক উপন্যাসগুলিতে বঙ্কিমচন্দ্র জীবনের সঙ্গে ইতিহাসের মেলবন্ধন ঘটিয়ে ঐতিহাসিক উপন্যাসের একটি নির্দিষ্ট রূপ আবিষ্কার করেন।<br>* দেশপ্রেমের ভাবনা আর মনুষত্বের আদর্শবোধের নিখুঁত চিত্রায়ন বঙ্কিমচন্দ্রের উপন্যাসের অন্যতম বৈশিষ্ট্য।<br>* উপন্যাস রচনার ক্ষেত্রে বাহুল্য বর্জিত ভাষা সৃষ্টি আর পরিমিতি বোধের সঙ্গে যুক্ত হয়েছে বঙ্কিমচন্দ্রের পরিশীলিত ঋজু ভাষা।<br>* ইন্দিরা বা রজনীর মতো অপূর্ণাঙ্গ উপন্যাস গুলিতেও বঙ্কিমচন্দ্রের জীবন সম্পর্কে আগ্রহ বোধের কোন ঘাটতি ধরা পড়েনি। |
| **প্রশ্নপত্র** | ১।। বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাসের নাম কি কত সালে প্রকাশিত?<br>২।। বঙ্কিমচন্দ্রের প্রথম বাংলা উপন্যাস কোনটি কত সালে প্রকাশিত?<br>৩।। বঙ্কিমচন্দ্রের একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখ।<br>৪।। বঙ্কিমচন্দ্রের একটি বিশুদ্ধ পারিবারিক গার্হস্থ্য জীবনাশ্রয়ী উপন্যাসের নাম লেখ।<br>৫।। বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে সন্ন্যাসী বিদ্রোহের উল্লেখ পাওয়া যায়?<br>৬।। বঙ্কিমচন্দ্রের ছোটগল্পের লক্ষণাক্রান্ত একটি রচনার নাম উল্লেখ কর। |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।। বিষয়টি পাঠ করে ঊনবিংশ শতকে বাংলা উপন্যাস সৃষ্টির প্রেক্ষাপট এবং উপন্যাস রচনার ক্ষেত্রে বঙ্কিমচন্দ্রের দার্শনিক ও সমাজ মনস্তত্ত্বমূলক দৃষ্টিভঙ্গি সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে।<br>২।। উপন্যাস সৃষ্টির ক্ষেত্রে বঙ্কিমচন্দ্রের নানান পরীক্ষা নিরীক্ষা কিভাবে আগামী প্রজন্মকে উপন্যাস রচনা ও চর্চা করতে সহায়তা করেছে সেই দিকটি সম্পর্কেও ছাত্রছাত্রীরা অবগত হতে পারবে। |

**ব্যবহৃত উপকারণ :**

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

## সহায়ক গ্রন্থ


* বাংলা উপন্যাসের ইতিহাস – ক্ষেত্র গুপ্ত।
* বঙ্কিমচন্দ্র – সুবোধচন্দ্র সেনগুপ্ত।
* বঙ্কিম সরণী – প্রমথনাথ বিশী।
* বাংলা উপন্যাসের কালান্তর – সরোজ বন্দ্যোপাধ্যায়।
* কালের পুত্তলিকা – অরুণ কুমার মুখোপাধ্যায়।
* বাংলা গদ্য রীতির ইতিহাস – অরুণ কুমার মুখোপাধ্যায়।
* বাংলা সাহিত্যে নবযুগ – শশীভূষণ দাশগুপ্ত।
* বঙ্কিমচন্দ্রের উপন্যাস : শিল্প রীতি – ক্ষেত্র গুপ্ত।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**Ashis Bera**



**CBCS & CCF**

**BNG-A-CC-3-6 / BNG-H-CC-11-5**

**বিষয় – ঐতিহাসিক ভাষাবিজ্ঞান**

**মডিউল – ২**

CLASS – 1

## প্রাচীন বাংলা ভাষার ভাষা তাত্ত্বিক লক্ষণ -- প্রেক্ষিত চর্যাপদ

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ৫ মিনিট | প্রাচীন বাংলা ভাষার সময়সীমা ও নিদর্শন | চক, ডাস্টার ও বোর্ড ব্যবহার করে বিষয়টির আলোচনা | শোনা ও লেখা |
| ১৫ মিনিট | প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য : ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য | চক, ডাস্টার ও বোর্ড এর সঙ্গে Projector ব্যবহার করে বিষয়টির আলোচনা ও নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ২০ মিনিট | ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | * বাংলা ভাষার প্রাচীন যুগের বিস্তৃতি কালুমানিক ৯০০ খ্রিস্টাব্দ থেকে ১৩৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত।<br>* এই পর্বের বাংলা ভাষা নিদর্শন পাওয়া যায়<br>* বৌদ্ধ সহজিয়া সাধকদের রচিত চর্যা গীতিতে।<br>* অমর কোষের সর্বানন্দ রচিত টীকায় প্রদত্ত চার শতাধিক বাংলা প্রতিশব্দে।<br>* বৌদ্ধ কবি ধর্মদাস রচিত বিমগ্ন মুখমণ্ডল গ্রন্থে উৎকলিত দু চারটি বাংলা কবিতায়।<br>* সেক- শুভোদয়ায় উদ্ধৃত গানে ও ছড়ায়<br>* প্রাচীন বাংলার ভাষা তাত্ত্বিক বৈশিষ্ট্য গুলোকে আমরা ধ্বনিতাত্মিক ও রূপতাত্ত্বিক দুটি শ্রেণীতে বিভক্ত করতে পারি।<br>** ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য --<br>* ক্ষতিপূরণ দীর্ঘীভবন প্রাচীন বাংলা ভাষার প্রধান বিশেষত্ব। যেমন --<br>ধর্ম >ধম্ম> ধাম।<br>* নাসিক্য ব্যঞ্জন অনেক ক্ষেত্রে লোপ পেল এবং তার ফলে পূর্ববর্তী স্বরধ্বনি অনুনাসিক হয়ে গেল। যেমন-- শব্দেন> সাঁদে।<br>* পাশাপাশি অবস্থিত দুটি স্বরধ্বনির মাঝখানে প্রায়ই য়-ধ্বনি শ্রুতিধ্বনি রূপে এসে যেত। যেমন--<br>নিকটে > *নিঅড্ডী > নিয়ড্ডী > নিয়ডি।<br>* পদের অন্তে অবস্থিত একাধিক স্বর যৌগিক স্বর রূপে উচ্চারিত হতো এবং ক্রমে দুটি মিলে একক স্বরে পরিণত হত। যেমন -- ভণতি > ভণই।<br>* স্বর মধ্যবর্তী একক মহাপ্রাণ ধ্বনি প্রায়ই 'হ'-কারে পরিণত হত। যেমন-- মহাসুখ > মহাসুহ<br>* * রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য ==<br>* কর্তৃকারকে শূন্য বিভক্তি প্রাচীন বাংলায় লক্ষ্য করা যায়। যেমন-- চঞ্চল চি এ পইঠো কাল।<br>* কখনো কখনো অনির্দিষ্ট কর্তায় 'এ' বিভক্তির প্রয়োগও দেখা যায়। যেমন-- রুখের তেন্তুলি কুম্ভীরে খা অ।<br>* প্রাচীন বাংলায় করণ কারকের বহু প্রচলিত বিভক্তি ছিল। যেমন -- 'এঁ' ( < এন )। যেমন-- মতি এঁ ঠাকুরক পরিনিবিত্তা।<br>* সম্বন্ধ পদের বিভক্তি ছিল - এর - র - ক। যেমন—রুখের তেন্তুলি কুম্ভীরে খা অ।<br>* প্রাচীন বাংলায় ক্রিয়া রূপে বর্তমান কালের বিভক্তি ছিল উত্তম পুরুষে - মি - হুঁ, মধ্যম পুরুষে - স এবং প্রথম পুরুষে - ই। যেমন-- লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ। |
| **প্রশ্নপত্র** | ১।। বাংলা ভাষার প্রাচীন যুগের বিস্তৃতি কাল আনুমানিক কত?<br>২।। প্রাচীন বাংলা ভাষার দুটি নিদর্শনের উল্লেখ কর।<br>৩।। প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য গুলোকে কটি শ্রেণীতে ভাগ করা হয়।<br>৪।। প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ কর।<br>৫।। প্রাচীন বাংলা ভাষার একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ কর। |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।। প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণ গুলি সম্পর্কে ছাত্রছাত্রীরা জানতে পারবে।<br>২।। প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য গুলি নিয়ে একটি রেখাচিত্র অঙ্কন করতে পারবে শিক্ষার্থীরা। |

**ব্যবহৃত উপকারণ :**

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

## সহায়ক গ্রন্থ


*  ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ - সুনীতি কুমার চট্টোপাধ্যায়।

* সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ (১-২ খন্ড) – পরেশ চন্দ্র মজুমদার।

* বাংলা ভাষা পরিক্রমা –  পরেশচন্দ্র মজুমদার।

* ভাষা-জিজ্ঞাসা – শিশির কুমার দাস।

* ভাষার ইতিবৃত্ত  -- সুকুমার সেন।

* সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা -- রামেশ্বর শ'।

* আধুনিক ভাষা তত্ত্ব -- আব্দুল কালাম মনজুর মোরশেদ।

* বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত -- মুহাম্মদ শহীদুল্লাহ।

* বাংলা ভাষা -- পার্বতী চরণ ভট্টাচার্য।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**Gobinda Prasad Barman**



**CBCS & CCF**

**BNG-A-CC-5-12 / BNG-H-CC-9-5**

**Session-2023-24**

**বিষয় – নাটক ও নাট্যমঞ্চ**

**মডিউল – ৩**

**রঙ্গমঞ্চের ইতিহাস**

CLASS – 1

## ন্যাশানাল থিয়েটার (প্রথম ও দ্বিতীয় পর্ব )

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১০ মিনিট | শখের নাট্যশালা সম্পর্কিত আলোচনা | শখের নাট্যশালার একটি ধারাবাহিক বিবরণ | শোনা |
| ২০ মিনিট | ন্যাশানাল থিয়েটার প্রতিষ্ঠার কারণ ও তার সুদূর প্রসারী ফল নিয়ে আলোচনা | চক, ডাস্টার, বোর্ড ও প্রজেক্টর ব্যবহার করে ন্যাশানাল থিয়েটারে অভিনীত নাটকের তালিকা নির্ণয় | শোনা ও লেখা |
| ১০ মিনিট | ন্যাশানাল থিয়েটারের তাৎপর্য | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | *  ঊনবিংশ শতকে বাংলাদেশের বুকে সৌখিন থিয়েটার গড়ে উঠেছিল মূলত সমাজের অভিজাত ও ধনী শ্রেণীর উৎসাহে ও অর্থানুকূল্যে তাঁদের নিজেদের বাড়িতে বা বাগান বাড়িতে। ফলে সাধারণ মানুষের নাটক ও অভিনয় দেখার সুযোগ বিশেষ ঘটতো না বললেই চলে।<br>*  সাধারণ মানুষদের অভিনয় দেখার সুযোগ করে দেবার জন্যই মূলত প্রয়োজন হয়ে পড়ল সাধারণ রঙ্গালয়ের। বাগবাজারের কয়েকজন যুবকের নাট্যাভিনয়ের প্রতি টান থাকার কারণে বাগবাজারের অ্যামেচার থিয়েটার বা শখের নাট্যশালাটি কলকাতায় ন্যাশনাল থিয়েটার নাম নিয়ে প্রথম পেশাদারী রঙ্গালয়ে পরিণত হলো সাধারণ মানুষের দীর্ঘ কালের চাহিদা ও মানসিক অভাব পূরণ করতে।<br>*  ১৮৭২ সালের ৭ ই ডিসেম্বর শনিবার ন্যাশনাল থিয়েটার বা সাধারণ রঙ্গালয়ের প্রতিষ্ঠা হয় দীনবন্ধু মিত্রের নীলদর্পণ নাটক অভিনয়ের মধ্যে দিয়ে।<br>*  সাধারণ মানুষ টিকিট কেটে এই রঙ্গমঞ্চে প্রবেশ করতে পারতো।<br>*  একটি ভাড়া করা স্থানে অস্থায়ীভাবে নাট্যশালা তৈরি করে প্রথমে ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠিত হয়।<br>*  ন্যাশনাল থিয়েটারের অভিনেতারা প্রয়োজনীয় পারিশ্রমিক লাভ করতেন।<br>*  ন্যাশানাল থিয়েটার প্রতিষ্ঠার অল্প দিনের মধ্যে মতান্তর ও দলাদলির কারণে তা ভেঙে যায় এবং বন্ধ হয়ে যায়। পরবর্তীকালে গ্রেট ন্যাশনাল থিয়েটার নামে পুনরায় প্রতিষ্ঠিত হয়।<br>*  ন্যাশনাল থিয়েটারে পুরুষদের পাশাপাশি  মহিলারাও অভিনয় করতেন।<br>*  নাচে, গানে, অর্কেস্ট্রার মধুর ধ্বনিতে ন্যাশনাল থিয়েটারে অভিনীত নাটক দর্শকের মনোরঞ্জন করতে সক্ষম হয়েছে বারবার। |
| **প্রশ্নপত্র** | ১।।  ন্যাশানাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়?<br>২।।  ন্যাশানাল থিয়েটারে প্রথম কোন নাটক অভিনীত হয়?<br>৩।।  ন্যাশনাল থিয়েটারে অভিনীত দুটি প্রহসনের নাম কর।<br>৪।।  গ্রেট ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়?<br>৫।।  ন্যাশনাল থিয়েটারে অভিনয় করতেন এমন দুজন মহিলার নাম কর।<br>৬।।  ন্যাশনাল থিয়েটারে অভিনীত দুটি নাটকের নাম লেখ। |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।।  বিষয়টি পাঠ করে সাধারণ রঙ্গালয় সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হতে পারবে।<br>২।।  বাংলা নাট্য চর্চার  দুনিয়ায় সাধারণ রঙ্গালয়ের ভূমিকা কতখানি ছিল সে সম্পর্কেও শিক্ষার্থীরা একটি পূর্ণ ধারণা গড়ে তুলতে পারবে। |

**ব্যবহৃত উপকারণ :**

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

## সহায়ক গ্রন্থ


* নাটকের কথা -- অজিত কুমার ঘোষ।
* বাংলা নাট্যমঞ্চের ইতিহাস -- ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
* রবীন্দ্রনাট্য  সমীক্ষা : রূপক- সাংকেতিক -- দুর্গা শংকর মুখোপাধ্যায়।
* কালের মাত্রা ও রবীন্দ্র নাটক -- শঙ্খ ঘোষ।
* বাংলা থিয়েটারের ইতিহাস -- দর্শন চৌধুরী।
* বাংলা নাট্যমঞ্চের রূপরেখা -- দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়।
* নাট্যমঞ্চ নাট্যরূপ  -- পবিত্র সরকার।
* রঙ্গমঞ্চে বাংলা নাটকের প্রয়োগ -- অজিত কুমার ঘোষ।
* নাট্যতত্ত্ব ও নাট্য মঞ্চ -- অজিত কুমার ঘোষ।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**Gobinda Prasad Barman**



**CBCS & CCF**

**BNG-A-DSE-B-6-4 / BNG-H-CC-14-6**

**Session-2023-24**

**বিষয় – লোকসংস্কৃতি ও লোকসাহিত্য**

**মডিউল – ১**

**বাংলার ব্রত ও পার্বন ( বিশেষ পাঠ : পুণ্যিপুকুর, মাঘমন্ডল, সেঁজুতি )**

CLASS – 1

## বাংলার ব্রত

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১০ মিনিট | বাংলার ব্রতকথা ও পার্বন সম্পর্কিত আলোচনা | বর্ণনামূলক আলোচনা | শোনা |
| ২০ মিনিট | বাংলার ব্রতকথার শ্রেণী বিভাজন ও বিভিন্ন প্রকার ব্রতকথা ও পার্বন সম্পর্কিত আলোচনা | চক, ডাস্টার, বোর্ড ও প্রজেক্টর ব্যবহার করে ব্রতকথা ও পার্বন সম্পর্কিত আলোচনা | শোনা ও লেখা |
| ১০ মিনিট | বাংলার ব্রতকথার শ্রেণী বিভাজন ও বিভিন্ন প্রকার ব্রতকথা ও পার্বন | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | * বিশ্বের অসংখ্য লোকসমাজে নিটোল গল্প তৈরি হয় সমাজের অন্দরমহলে।<br>* লোককথায় থাকে ইচ্ছাপূরণের তাগিদ।<br>* গ্রামীণ জীবনের নানাবিধ আকাঙ্ক্ষার প্রকাশ ঘটে ব্রতের মাধ্যমে।<br>* লোককথার এই বিভাগটি ভারতীয় ঐতিহ্যের নিজস্ব সৃষ্টি, বিশেষ করে বলতে গেলে বাঙালির একান্তই নিজস্ব সম্পদ।<br><br>* বাংলাদেশে মূলত দুই ধরনের ব্রত রয়েছে : মেয়েলিব্রত ও শাস্ত্রীয় ব্রত।<br>* মেয়েলি ব্রত আবার দুভাগে বিভক্ত -- কুমারী ব্রত, নারী ব্রত।<br>* শাস্ত্রীয় ব্রতের উপাদান দুটি – সামান্য কান্ড এবং ব্রতকথা।<br>* নারীব্রতের সঙ্গে শাস্ত্রীয় ব্রতের কিছুটা এবং খাঁটি মেয়েলি ব্রতের কিছুটা মিশ্রণ লক্ষ করা যায়।<br>* কুমারী ব্রত গুলি কিছু পরিমাণে খাঁটি অবস্থায় পাওয়া যায়, এদের গঠন প্রণালী মধ্যে আলাদা বৈশিষ্ট্য থাকে।<br>* ব্রত কথাগুলির মধ্যে কবিতা, চিত্র, উপাখ্যান, গদ্য, পদ্য সবই থাকে।<br>* কোথাও আবার ব্রত কথাগুলি নাটকের মত পাত্র-পাত্রী এবং নানা দৃশ্য ও অঙ্ক ভেদে সজ্জিত থাকে।<br>* শাস্ত্রীয়ব্রত নির্জীব, প্রাণহীন। কিন্তু লৌকিক ব্রত গুলি সজীব এবং সেখানে প্রাণের স্পর্শ বর্তমান।<br>* পুন্যিপুকুর ব্রত চৈত্র সংক্রান্তি থেকে বৈশাখ সংক্রান্তি পর্যন্ত একমাস ধরে পালন করা হয়।<br>* মাঘমন্ডল ব্রত মাঘ মাস ব্যাপী কুমারী মেয়েদের বিবাহ কামনার উদ্দেশ্যে পালন করা হয়।<br>* সেঁজুতি ব্রত বাংলার শাস্ত্র বহির্ভূত বা মেয়েলি ব্রত গুলির অন্যতম একটি কুমারী ব্রত।<br>* অশাস্ত্রীয় ব্রত পালনের ক্ষেত্রে কোন মন্ত্র বা পুরোহিতের প্রয়োজন হয় না।<br>* গ্রাম বাংলার আর্থ-সামাজিক পটভূমিকায় ব্রত গুলি গড়ে ওঠে বাস্তব জীবন সমস্যার প্রতিচ্ছবি হয়ে। |
| **প্রশ্নপত্র** | ১।। ব্রতকথার জন্ম কিভাবে হয়?<br>২।। ব্রত কথা কয় প্রকার ও কি কি?<br>৩।। শাস্ত্রীয় ব্রতের দুটি উপাদানের নাম লেখ।<br>৪।। পুন্যিপুকুর ব্রত কোন সময় অনুষ্ঠিত হয়?<br>৫।। সেঁজুতি ব্রত কি ধরনের ব্রত? |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।। আলোচ্য বিষয়টি পাঠ করে বাংলার বিভিন্ন ব্রতকথা সম্পর্কে ছাত্র-ছাত্রীরা জ্ঞান অর্জন করতে পারবে।<br>২।। গ্রাম বাংলার ঘরে ঘরে লুকিয়ে থাকা বিভিন্ন ধরনের ব্রতকথা সংগ্রহ করে বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করতে পারবে শিক্ষার্থীরা। |

| **ব্যবহৃত উপকারণ :** |
| --- |
| বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর |

# <u>সহায়ক গ্রন্থ</u>


- বাংলার ব্রত -- অবনীন্দ্রনাথ ঠাকুর।
- বাংলার লোকসাহিত্য -- আশুতোষ ভট্টাচার্য।
- লোকসংস্কৃতি সীমানা ও স্বরূপ -- পল্লব সেনগুপ্ত।
- ফোকলোর পরিচিতি ও পঠন- পাঠন -- মজহারুল ইসলাম।
- বাংলা প্রবাদ -- সুশীল কুমার দেব।
- বাংলার ধাঁধার ভূমিকা -- নির্মলেন্দু ভৌমিক।
- বাংলা ছড়ার ভূমিকা -- নির্মলেন্দু ভৌমিক।
- বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স -- দিব্যজ্যোতি মজুমদার।
- লোকসংস্কৃতি পাঠের ভূমিকা -- তুষার চট্টোপাধ্যায়।
- বঙ্গীয় লোকসংস্কৃতি কোষ -- বরুন চক্রবর্তী।
- বাংলা লোকসংগীত : ভাটিয়ালি গান --ওয়াকিল আহমেদ।
- বাউল ফকির কথা -- সুধীর চক্রবর্তী।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**MAU DATTA**



**CBCS & CCF**

**BNG-A-CC-6-14 / BNG-H-CC-12-5**

**Session-2023-24**

**বিষয় – সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস**

**মডিউল – ১**

**সংস্কৃত সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস**

CLASS – 1

## কালিদাস (কবি ও নাট্যকার )

| Time | Contents | Teaching aid used | Students action |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১০ মিনিট | সংস্কৃত সাহিত্যের ইতিহাস সম্পর্কিত আলোচনা | বৈদিক যুগ থেকে কালিদাসের সময় পর্যন্ত সংস্কৃত সাহিত্যের ইতিহাসের একটি ধারাবাহিক আলোচনা | শোনা |
| ২০ মিনিট | কালিদাসের কাব্য ও নাটক সম্পর্কিত আলোচনা | চক, ডাস্টার, বোর্ড ও প্রজেক্টর ব্যবহার করে কালিদাসের বিভিন্ন কাব্য ও নাটকের একটি তালিকা নির্ণয় | শোনা ও লেখা |
| ১০ মিনিট | কবি কালিদাস ও নাট্যকার কালিদাসের বৈশিষ্ট্য সম্পর্কিত আলোচনা | নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| বিষয় সম্পর্কিত নোট | * সংস্কৃত সাহিত্যের প্রবাদ পুরুষ কালিদাস উজ্জয়িনী রাজ বিক্রমাদিত্যের রাজসভার কবি ছিলেন।<br># কবি কালিদাস –<br>* কালিদাসের সময় সংস্কৃত ভাষায় রচিত কাব্যকে মহাকাব্য এবং গীতিকাব্য তথা খন্ডকাব্য রূপে বিভক্ত করা হলেও এই দুয়ের মধ্যে খুব একটা গুণগত পার্থক্য ছিল নাই বলা চলে।<br>* কালিদাসের রচিত কাব্য গুলির মধ্যে কুমারসম্ভব ও রঘুবংশকে মহাকাব্য হিসেবে এবং মেঘদূত ও ঋতুসংহারকে গীতিকাব্য হিসেবেই আমরা গ্রহণ করে থাকি।<br>* কুমারসম্ভব সম্ভবত কালিদাসের প্রথম রচনা তাই এতে পরিণত প্রতিভার পরিচয় স্পষ্ট নয়।<br>* পুরাণ কাহিনী থেকে কুমারসম্ভবের মূল কাহিনী গ্রহণ করলেও কালিদাসের মৌলিকত্ব এই কাব্যে বিদ্যমান।<br>* এই কাব্যের মধ্যে দিয়ে কালিদাস নরনারীর প্রেমকে অন্ধ সম্ভোগ থেকে বিরত করে, ভর্তৃহরির শাপের দ্বারা খন্ডিত ও দেবরোষের দ্বারা ভস্মিত করে প্রেমকে প্রাপ্তির নয় প্রত্যাশার আলোয় পূর্ণতা দিয়েছেন।<br>* কালিদাসের রঘুবংশ নামক মহাকাব্যটি রঘুবংশীয় ২৮ জন নরপতির ধারাবাহিক কাহিনী অবলম্বনে লিখিত কবির পরিণততম এবং সম্ভবত শেষতম কাব্য<br>* ১৯ টি স্বর্গে বিন্যস্ত কালিদাসের রঘুবংশ কাব্যটি সংস্কৃত ভাষায় রচিত মহাকাব্যসমূহের মধ্যে শ্রেষ্ঠ বলে মনে করেছেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।<br>* কালিদাসের মেঘদূত কাব্যটি ক্ষুদ্রতম সর্বাধিক পরিচিত এবং সর্বাপেক্ষা সমাদৃত রচনা বলে পরিচিত।<br>* এটি খণ্ডকাব্য এবং যথার্থ অর্থে একটি গীতিকবিতা মাত্র।<br>* দুই পর্বে বিন্যস্ত মেঘদূত কাব্যটি উত্তর থেকে দক্ষিণ ভারতের একটি বর্ণময় চিত্রশালা।<br>* কালিদাসের প্রেম চেতনা ও প্রকৃতি চেতনা এই দুইয়ের মিশ্রণে মেঘদূত কাব্যটি অনবদ্য হয়ে উঠেছে।<br>* ঋতুসংহার কাব্যটি একটি ক্ষুদ্রপ্রায় খন্ডকাব্য।<br>* ছয়টি ঋতুকে অবলম্বন করে রচিত কাব্য সংস্কৃত সাহিত্যে ঋতুসংহার ব্যতীত আর কিছু নজরে আসে না।<br>* ঋতুসংহার কাব্যটি কালিদাস পরবর্তী সংস্কৃত সাহিত্যে বিশেষ প্রভাব বিস্তার করতে পারেনি।<br># নাট্যকার কালিদাস<br>* কালিদাস রচিত নাটকের সংখ্যা তিনটি। মালবিকাগ্নিমিত্র, বিক্রমোবর্শী ও অভিজ্ঞান শকুন্তলম্।<br>* মালবিকাগ্নিমিত্র নাটকটিকে কালিদাস একটি ঐতিহাসিক রূপ দেবার চেষ্টা করেছেন।<br>* নাটকের দুটি মুখ্য চরিত্রই ঐতিহাসিক চরিত্র।<br>* সেকালের সংস্কৃত নাটকের সাধারণত যে রূপ হতো কালিদাসের এই নাটকটি তারই প্রতিনিধি স্থানীয় এবং সেকালের নাট্যনীতি বিষয়ে বেশ কিছু মূল্যবান তথ্য এই নাটকটি থেকে পাওয়া যায়।<br>* অনুমান করা হয় বিক্রমোবর্শী নাটকটি কালিদাসের দ্বিতীয় নাটক।<br>* ঋগ্বেদ, ব্রাহ্মণ সাহিত্যে, মহাভারতে এবং বিভিন্ন পুরাণে পুরূরবা ও উর্বশীর কাহিনী বর্ণিত হলেও কালিদাস তাঁর এই নাটকে পুরূরবা ও উর্বশীর প্রেম কাহিনীকে কাল্পনিক ঘটনার সন্নিবেশে এবং রূপকথার আমেজে মিলনান্তক করে গড়ে তুলেছেন।<br>* অভিজ্ঞান শকুন্তলম্ নাটকটি কালিদাসের বহু চর্চিত এবং শ্রেষ্ঠ নাটক।<br>* পুরুবংশীয় রাজা দুষ্মন্ত এবং শকুন্তলার কাহিনী মহাভারতের আদি পর্বে সংক্ষেপে বর্ণিত হলেও কালিদাস সেই কাহিনীকে চিত্তাকর্ষকভাবে গড়ে তুলেছেন।<br>* নাটকটির বিষয়বস্তু, ঘটনা সংঘাত, নাটকীয়তা, প্রাচীন ভারতীয় নাটকের ভাবাবেগ এবং রসসৃষ্টির দিক থেকে "কালিদাসস্য সর্বস্বম্ অভিজ্ঞান শকুন্তলম্"। |

| | |
|---|---|
| প্রশ্নপত্র | ১।। কালিদাস কোন রাজার সভাকবি ছিলেন?<br>২।। কালিদাসের দুটি মহাকাব্য ও দুটি খন্ড কাব্যের নাম লেখ।<br>৩।। কালিদাসের মেঘদূতের কয়টি খন্ড ও কি কি?<br>৪।। কালিদাসের কোন নাটকটি ঐতিহাসিক নাটকের অনুরূপ?<br>৫।। বিক্রমোবর্শী নাটকের দুটি চরিত্রের নাম বল।<br>৬।। কালিদাসের শ্রেষ্ঠ নাটক কোন নাটকটিকে বলা হয়? |
| পাঠ্য বিষয়টির তাৎপর্য | ১।। সংস্কৃত সাহিত্যের ইতিহাস পাঠ করে ছাত্র-ছাত্রীরা ভারতবর্ষের প্রাচীন ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে বিশেষ জ্ঞান লাভ করতে পারবে।<br>২।। কালিদাসের কাব্য ও নাটক শুধু সংস্কৃত সাহিত্য নয়, বাংলা সাহিত্য তথা বিশ্ব সাহিত্যের ইতিহাসে আধুনিক কালেও বিশেষ ভাবে চর্চিত হচ্ছে -- সে দিকটি সম্পর্কেও ছাত্র ছাত্রীরা অবগত হতে পারবে। |

**ব্যবহৃত উপকারণ :**

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

## সহায়ক গ্রন্থ


* সংস্কৃত সাহিত্যের রূপরেখা -- বিমান চন্দ্র ভট্টাচার্য।

* সংস্কৃত সাহিত্য পরিক্রমা -- করুনাসিন্ধু দাস।

* সংস্কৃত সাহিত্যের দশরত্ন -- সুখেন্দুসুন্দর গঙ্গোপাধ্যায়।

* সংস্কৃত সাহিত্যের ইতিহাস -- ধীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

**SESSION PLAN**

**Department Of Bengali**

**MAU DATTA**



**CBCS & CCF**

**BNG-A-CC-3-7 / BNG-H-CC-7-4**

**Session-2023-24**

**বিষয় –কথাসাহিত্য**

**মডিউল – ৩**

**রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প**

CLASS – 1

**ল্যাবরেটরী**

| **Time** | **Contents** | **Teaching aid used** | **Students action** |
|---|---|---|---|
| 10 minutes | Roll call | Attendance Register | Students' response |
| ১০ মিনিট | রবীন্দ্রনাথের ছোটগল্পের বৈশিষ্ট্য উল্লেখ করে ল্যাবরেটরী গল্প নিয়ে আলোচনা। | একটি ধারাবাহিক আলোচনা | শোনা |
| ২০ মিনিট | ল্যাবরটরী গল্পের বিভিন্ন আঙ্গিক :<br>* সোহিনী চরিত্র<br>* নামকরণ | চক, ডাস্টার, বোর্ড ও প্রজেক্টর ব্যবহার করে নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | ছোটগল্প হিসেবে সার্থকতা | চক, ডাস্টার, বোর্ড ব্যবহার করে নোটের আকারে বক্তব্য বিষয় পরিবেশন | শোনা ও লেখা |
| ১০ মিনিট | প্রশ্নোত্তর | প্রশ্নপত্র | শোনা ও উত্তর দেওয়া |

| | |
|---|---|
| **বিষয় সম্পর্কিত নোট** | * রবীন্দ্রনাথ ঠাকুরের তিনসঙ্গী গ্রন্থের শেষ গল্প ল্যাবরেটরী।<br>* আনন্দবাজার পত্রিকার শারদীয়ার সংখ্যার ১৩৪৭ বঙ্গাব্দের ১৫ই আশ্বিন গল্পটি প্রকাশিত হয়।<br>* ল্যাবরেটরী গল্পটিতে রবীন্দ্রনাথ একইসঙ্গে বিজ্ঞান সাধনা ও প্রেম তপস্যার সমন্বয় ঘটিয়েছেন।<br>* ল্যাবরেটরী গল্পের প্রকাশের সঙ্গে সঙ্গে সোহিনী চরিত্রটিকে নিয়ে নানা মহলে সমালোচনার ঝড় উঠে।<br>* যুগের দাবিকে মেনে নিয়ে রবীন্দ্রনাথ সোহিনী চরিত্রকে নবযুগের নবীন যজ্ঞের পুরোহিত করে তুলেছেন।<br>* সোহিনী সমাজের গড়পরতা পাঁচটা সাধারণ মেয়ের গণ্ডি থেকে বেরিয়ে এসেছে বলেই তাকে এত অচেনা লেগেছে।<br>* ল্যাবরেটরী গল্পের পান্ডুলিপি মৈত্রেয়ী দেবীকে পড়তে দিয়ে রবীন্দ্রনাথ বলেছিলেন -- গৃহবধূর শালীনতার লক্ষ্মণরেখা অতিক্রমকারী সোহিনীর মধ্যে যদি অশ্লীলতা দোষ পাও তাহলে রুষ্ট হয়ো না। সে আদর্শবাদিনী, ওর ভিতরে আদর্শটি খুঁজে দেখো।<br>* সোহিনী প্রেয়সী নয়, মাতৃত্বের তকমাও তার খাটে না। সোহিনী আত্মমর্যাদায় বলিয়ান, দৃঢ়চেতা। বহু পুরুষের বাহুলগ্না হয়েও সে আপন ব্রত পালনে নিষ্ঠাবান।<br>* স্বামীর যজ্ঞাগার ল্যাবরেটরী রক্ষা করতে গিয়ে এবং স্বামী নন্দকিশোরের প্রতি শ্রদ্ধা, ল্যাবরেটরীর প্রতি দায়বদ্ধতা সোহিনীকে ব্যক্তিত্বের ঝকঝকে আলোয় নতুন মাত্রায় উপস্থিত করেছে।<br>* গল্পগুচ্ছের পরিচিত গল্প-ছকের গণ্ডি থেকে বেরিয়ে রবীন্দ্রনাথ অনিবার্য সময় বিবর্তনের ধারাকে ধরতে চেয়েছিলেন সোহিনী চরিত্রকে সামনে রেখে। |
| **প্রশ্নপত্র** | ১।। ল্যাবরেটরী গল্পটি কোন গ্রন্থের অন্তর্গত ?<br>২।। ল্যাবরেটরী গল্পটি কবে কোথায় প্রকাশিত হয়?<br>৩।। ল্যাবরেটরী গল্পের পান্ডুলিপি রবীন্দ্রনাথ কাকে পড়তে দিয়েছিলেন?<br>৪।। সোহিনীর স্বামীর নাম কি ছিল?<br>৫।। সোহিনী স্বামী কি কাজ করতেন? |
| **পাঠ্য বিষয়টির তাৎপর্য** | ১।। গল্পটি পাঠ করে রবীন্দ্রনাথের ছোটগল্পের মনস্তাত্ত্বিক দিকটিকে তুলে ধরতে পারবে ছাত্রছাত্রীরা।<br>২।। ছকভাঙা গণ্ডি থেকে বেরিয়ে রবীন্দ্র গল্প কিভাবে আধুনিক হয়ে উঠছে তার একটি ধারাবাহিক রেখাচিত্র অঙ্কন করতে পারবে ছাত্রছাত্রীরা। |

**ব্যবহৃত উপকারণ :**

বোর্ড, চক, ডাস্টার, প্রজেক্টর

# সহায়ক গ্রন্থ


* রবীন্দ্র ছোটগল্পের শিল্পরূপ -- তপব্রত ঘোষ।

* রবীন্দ্রনাথের ছোটগল্প ও উপন্যাস -- উপেন্দ্রনাথ ভট্টাচার্য।

* বাংলা ছোটগল্প : প্রসঙ্গ ও প্রকরণ -- বীরেন্দ্র দত্ত।

* কথা ও সাহিত্যে রবীন্দ্রনাথ -- বিশ্বপতি চৌধুরী।

* সাহিত্যে ছোটগল্প – নারায়ণ গঙ্গোপাধ্যায়।

* বাংলা সাহিত্যে ছোট গল্প ও গল্পকার – ভূদেব চৌধুরী।

* কালের পুত্তলিকা – অরুণ কুমার মুখোপাধ্যায়।

* বাংলা ছোটগল্প : প্রসঙ্গ ও প্রকরণ – বীরেন্দ্র দত্ত।

* বাংলা গদ্য রীতির ইতিহাস – অরুণকুমার মুখোপাধ্যায়।